# জাতীয় ঐক্যের আগে সংস্কার পরিষদের শপথ চায় এনসিপি



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

শুধু আওয়ামী লীগকে রাজনৈতিকভাবে মোকাবিলার উদ্দেশ্যে জাতীয় ঐক্যের উদ্যোগ নেওয়া হলে তাতে অংশ নেবে না জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। দলটির আহ্বায়ক ও সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন, ঐক্য প্রক্রিয়া শুরুর আগে একদলীয় সংবিধান সংশোধন কমিটি বাতিল এবং সংবিধান সংস্কার পরিষদের সদস্যদের শপথের ব্যবস্থা করতে হবে।

রোববার (২২ নভেম্বর) যুক্তরাজ্য সফর শেষে দেশে ফিরে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সাংবাদিকদের কাছে এ অবস্থান তুলে ধরেন তিনি।

নাহিদ ইসলাম বলেন, ডিসেম্বর মাসে জাতীয় ঐক্যের ডাক দিয়ে জানুয়ারিতে একদলীয় কমিটির সুপারিশে সংবিধান সংশোধনের উদ্যোগ গ্রহণযোগ্য হবে না। সরকার সত্যিকার অর্থে ঐক্য চাইলে আগে কার্যকর পদক্ষেপ নিতে হবে।

তিনি আরও বলেন, শুধু আলোচনার আহ্বান যথেষ্ট নয়। অতীতে দেওয়া যেসব প্রতিশ্রুতি সরকার রক্ষা করতে পারেনি, সেগুলোর জন্য ক্ষমা চাওয়া এবং রাজনৈতিক দলগুলোর মধ্যে আস্থা তৈরির উদ্যোগ প্রয়োজন। এ বিষয়ে এনসিপি সুনির্দিষ্ট প্রস্তাব দেবে।

বর্তমান রাজনৈতিক পরিস্থিতিকে সংকটকাল উল্লেখ করে নাহিদ বলেন, প্রধানমন্ত্রী সংলাপের ডাক দিলে এনসিপি তাতে সাড়া দেবে। দেশের ভবিষ্যৎ ও চলমান সংকট মোকাবিলায় প্রধানমন্ত্রীর পরিকল্পনা জানতে চায় দলটি।

গণভোটের রায় অনুযায়ী জুলাই সনদ বাস্তবায়ন, গণহত্যার বিচার দ্রুত সম্পন্ন এবং আসন্ন গঙ্গা চুক্তির নবায়নসহ জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের স্পষ্ট অঙ্গীকারও চেয়েছেন তিনি।